

ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটি জুন/২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী
ইউনিয়নঃ মোক্তারপুর, উপজেলাঃ কালীগঞ্জ, জেলাঃ গাজীপুর।
স্থানঃ মোক্তারপুর ইউনিয়ন পরিষদ সভাকক্ষ, কালীগঞ্জ, গাজীপুর।

সভাপতিঃ জনাব, আলমগীর হোসেন, চেয়ারম্যান, মোক্তারপুর ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ ও নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট "ক" তে এবং অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট "খ" রেজিস্টারে সংরক্ষিত আছে।

সভাপতি মোক্তারপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, জনাব আলমগীর হোসেন, সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ইউনিয়ন পরিষদ সচিব, কালীগঞ্জ, গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় এবং সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় কার্যবিবরণীটি দৃষ্টিকরণ করা হয়।

ক্রমিক নং ও বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব
স্থানীয় প্রকৌশল অধিদপ্তর	স্থানীয় সরকার প্রকৌশল কর্মকর্তা জানান রাস্তা ঘাটের মানউন্নত করার জন্য ভালো মানের ইট ও খোয়া ব্যবহার করা। তাই রাস্তা ঘাটের মান উন্নত করার জন্য ভালো মানের, খোয়া ও অন্যান্য সরঞ্জাম বিষয়ে আলোচনা করা হয়।	রাস্তায় ভালো মানের ইট, খোয়া ব্যবহার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর ও সংশ্লিষ্ট সকল
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	উপসহকারী কৃষি কর্মকর্তা জনাব রুবেল জানান সেচের সুবিধা জনগনের চাহিদার তুলনায় কম প্রতি বিঘা জমিতে পানির মূল্য ১৮০০ টাকা যার ব্যয় বহন করা জনগনের পক্ষে খুব কষ্টকর। তিনি উন্নত বীজ, সার ব্যবহার করার ক্ষেত্রে সহযোগিতা দেবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।	বীজ, সার ও সেচের সুবিধা দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	কৃষি মন্ত্রণালয় অধিদপ্তর সংশ্লিষ্ট সকল
মৎস্য অধিদপ্তর	মৎস্য কর্মকর্তা জনাব মোঃ শিবলি জানান তার অধীনে কোন লোক না থাকায় তার অধিদপ্তর পর্যাপ্ত সুবিধা দিতে পারেনা। তিনি জানান ইউনিয়নে ২০০টির মত পুকুর আছে। কোন পুকুরে সমস্যা দেখা দিলে তাকে অবহিত করা হলে সে ব্যাপারে যথার্থ সমাধান দিবেন।	সভায় পুকুর ও মাছের চাষ উন্নত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	মৎস্য কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল
স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য কর্মকর্তা জনাব চন্দন কুমার জানান প্রতিটি ইউনিয়নে ৮ ব্লকে মা ও শিশু নিয়ে কাজ করেন। শিশুদের জন্য টিকা প্রদান কৃমিনাশক ট্যাবলেট ও ভিটামিন এ ক্যাপসুল খাওয়ায়। বিভিন্ন জাতীয় দিবসে তাদের করনীয় কাজ করেন। তিনি আরোও জানান যে, বর্তমানে কমিউনিটি ক্লিনিকে আসবাবপত্র সরবরাহের অভাব। ইউনিয়ন পরিষদ থেকে আসবাবপত্র সরবরাহ করার প্রস্তাব করেন। এছাড়া ০-৩৬৫ দিনের মধ্যে জন্ম মৃত্যু নিবন্ধন কাজে সার্বিক সহযোগিতা করার জন্য বলা হয়।	কমিউনিটি ক্লিনিকে রোগীরা যাতে প্রাথমিক সেবা পায় সে ব্যাপারে সতর্ক দৃষ্টি রাখার জন্য আহবান জানান ও ইউনিয়ন পরিষদ থেকে ৪ (চার) টি চেয়ার, ১ (এক) টি এন্ড্রাশিশন টেবিল ও ২ (দুই) টি হাতল চেয়ার বরাদ্দ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	স্বাস্থ্য অধিদপ্তর ও চেয়ারম্যান
প্রাণী সম্পদ অধিদপ্তর	প্রাণী সম্পদ কর্মকর্তা বলেন তার অধিদপ্তর দুইভাবে সেবা প্রদান করে। ১) হাসপাতাল কেন্দ্রিক ২) মাঠ পর্যায়। তিনি জানান তিনজন ফিল্ড এ্যাসেসস্টেভ কৃষিম প্রজনন কেন্দ্রে কাজ করে। ফিল্ড এ্যাসেসস্টেভ জানান যে মোক্তারপুর ইউনিয়ন ১০০০ খামার আছে। কোন জায়গার অসুস্থ মহামারী আকারে ছড়িয়ে পড়লে সেখানে টিকার আওতায় নিয়ে আসা। গবাদী পশুর জাত উন্নত করার ব্যাপারে পরামর্শ দিয়ে থাকেন ও সহযোগিতা করেন।	গবাদী পশুর জাত উন্নত ও রোগ বলাই দূর করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রাণীসম্পদ অধিদপ্তর ও সংশ্লিষ্ট সকল